



ছেলে হোক মেয়ে হোক, দু'টি সন্তানই
যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নবগ্রাম রোড (নতুন কলেজ মোড়)
ঝালকাঠি
fpo.jhalakathi.gov.bd



স্মারক নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.৬৫

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: শেখেরহাট MCWC পরিদর্শন প্রতিবেদন।

সূত্র: পরিদর্শনের তারিখঃ ২৩/০৩/২০২৩ খ্রি.

গত ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখে সকাল ১০:৩০ ঘটিকায় শেখেরহাট MCWC পরিদর্শন করি। পরিদর্শন সময়ে সেবা প্রদান বন্ধ দেখা যায়। কেন্দ্রটিতে সেবা প্রদানকারীদের কক্ষ বন্ধ পাওয়া যায়। অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত SACMO যথাসময়ে অফিসে আসেন নি। পরিদর্শন শেষে কেন্দ্র ত্যাগ করার সময়ে SACMO এবং আয়াকে কেন্দ্রে প্রবেশ করতে দেখা যায়। কেন্দ্রটিতে সেবার মান বৃদ্ধি করার তাগিদ প্রদান করা হলেও যথাযথভাবে সেবা প্রদান করার ক্ষেত্রে গাফিলতি পরিলক্ষিত হয়।

FWV কে স্যাটেলাইটে সংগঠনের স্থানে পাওয়া যায়। স্যাটেলাইট কেন্দ্রেও FWV দেরিতে এসেছেন বলে জানা যায়। এছাড়া স্যাটেলাইট কেন্দ্রে ANC/PNC সেবার সংখ্যা বেশ কম। সংশ্লিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে FWV এর সেবার পরিমাণ সন্তোষজনক নয়। ইতোপূর্বে পরিদর্শন করেও কার্যক্রম উন্নয়নে পরামর্শ প্রদান করা হয়েছে। কিন্তু প্রত্যাশা অনুযায়ী কেন্দ্রটিতে সেবা প্রদান করা হয় না। স্যাটেলাইট কেন্দ্রে উপস্থিত FWA এর স্টক অনলাইন থেকে যাচাই করে দেখা যায় ইনজেকটেবলস পদ্ধতি সেবা প্রদানের পরিমাণ অসন্তোষজনক। সংশ্লিষ্ট FPI কে অনলাইন এবং সরেজমিনে তদারকি বৃদ্ধির তাগিদ অব্যাহত রাখা হয়।

SACMO/FWV কর্মস্থলে অবস্থান করে সেবা প্রদান করলে কেন্দ্রে সেবার মান বৃদ্ধি পাবে। মৌখিক এবং লিখিতভাবে কর্মস্থলে অবস্থান করে সেবা প্রদানের কথা বলা হলেও অদৃশ্য কারণে তা ধীরগতিতে বাস্তবায়িত হচ্ছে বলে জানা যায়। মা ও শিশু কল্যাণ কেন্দ্র নিয়মিত খোলা রেখে সেবা প্রদানের তাগিদ অব্যাহত রাখা হলো। কমিউনিটি ক্লিনিকে অনুষ্ঠিত স্যাটেলাইট ক্লিনিক সংগঠন কিংবা যেখানে কার্যক্রম কম হয় সেখানে অনুষ্ঠিত স্যাটেলাইট ক্লিনিক সংগঠন বন্ধ রেখে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে সেবা কার্যক্রম জোরদার করা যেতে পারে।

সেবা বৃদ্ধির জন্য নিয়মিত বিশেষ ক্যাম্প আয়োজন করা প্রয়োজন। নিম্ন বর্ণিত পরামর্শ বাস্তবায়নে সংশ্লিষ্ট UFPO/MO(MCH-FP) কে অনুরোধ জানানো হয়।

পরামর্শঃ

- ১। SACMO/FWV কে অনতিবিলম্বে কর্মস্থলের ডরমিটরিতে অবস্থান নিশ্চিত করা।
- ২। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরী স্বাস্থ্য সেবা বৃদ্ধিতে দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করা।
- ৩। ANC/PNC সেবা বৃদ্ধির মাধ্যমে NVD নিশ্চিত করা।
- ৪। কেন্দ্রটিতে নিয়মিত বিশেষ ক্যাম্প আয়োজন করা।
- ৫। সেবা প্রদানকারীদের নাম ও ঠিকানা সম্বলিত বোর্ড/ব্যানার তৈরি করে দৃশ্যমান জায়গায় স্থাপন করা।
- ৬। MCWC এর নীতিমালা মোতাবেক কেন্দ্রটিতে পর্যাপ্ত ঔষধ সরবরাহ করা।
- ৭। কেন্দ্রটিতে নিয়মিত পাক্ষিক/মাসিক সভা আয়োজন করা এবং কেন্দ্র স্বাস্থ্য শিক্ষা আয়োজনে FPI কে কার্যকর ভূমিকা রাখা।
- ৮। FWA/FPI কে ডিজিটাল কনটেন্ট ব্যবহার করে কাউন্সেলিং বৃদ্ধির ব্যবস্থা করা হয়।
- ৯। সেবা প্রদানে গাফিলতি অব্যাহত থাকলে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) কে পরামর্শ প্রদান করা হয়।

২৭-০৩-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ঝালকাঠি সদর, ঝালকাঠি।।

স্মারক নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.৬৫/১ (২)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল। এবং
- ২। চেয়ারম্যান, শেখেরহাট ইউনিয়ন পরিষদ, ঝালকাঠি সদর, ঝালকাঠি।।



মোঃ শহীদুল ইসলাম

২৭-০৩-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক